

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr-bd.org

তারিখ: ৩০ এপ্রিল, ২০১৫ খ্রিঃ।


প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩০ এপ্রিল, ২০১৫ তারিখে বেলা ২.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন বিষয়ে উপস্থিত প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) জনাব মোঃ নজরুল ইসলাম, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (শুষ্ক রপ্তানি ও বন্ড) জনাব হুসেইন আহমেদ, সদস্য (কর আপীল ও অব্যাহতি) জনাব কালিপদ হালদার, সদস্য (কর জরীপ ও পরিদর্শন) জনাব মোঃ লোকমান চৌধুরী, সদস্য (কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট) ড. মাহবুবুর রহমান, সদস্য (তথ্য ব্যবস্থাপনা ও সেবা) জনাব মীর মুস্তাক আলী, সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সদস্য (বোর্ড প্রশাসন) জনাব মোঃ ফিরোজ শাহ আলম, সদস্য (শুষ্ক ও ভ্যাট প্রশাসন) জনাব সুলতান মোঃ ইকবাল, জাতীয় সংসদ সদস্যের মহাপরিচালক বেগম মাহমুদা আক্তার মীনা উপস্থিত ছিলেন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়িত হলে সরকারি কাজের সুষ্ঠু সমন্বয় সাধন ও সুশাসন নিশ্চিতকরণ এবং সার্বিক কর্ম সম্পাদন পদ্ধতিতে স্বচ্ছতা, গতিশীলতা আনয়নের পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জনবান্ধব কর্মপরিবেশ সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখবে বলে সভায় উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বার্ষিক কর্মসম্পাদনের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল পক্ষের মধ্যে সুষ্ঠু সমন্বয়, কারিগরি সহযোগিতা এবং পেশাসুলভ আন্তরিকতা কাজিত লক্ষ্য অর্জনে সহায়ক বলে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, বর্তমান সরকারের 'রূপকল্প- ২০২১' বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী, সমৃদ্ধ, শিক্ষিত এবং স্বাবলম্বী শক্তিশালী বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের প্রক্রিয়া ত্বরান্বিত করার এবং তা নিবিড়ভাবে মনিটরিংয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।


(সেয়দ এ, মুমেন)
জনসংযোগ কর্মকর্তা
০১৭৫৮৮৭১০৭১